ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন স্থাপনাসমূহে নিয়োজিত আনসার সদস্যদের যথাযথ ব্যবস্থাপনার অধীনে আনয়ন এবং উক্ত প্রতিষ্ঠানের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ১১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ ॥ ২৫ মার্চ ২০২৪ |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

১.১ সভার প্রারম্ভে সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কার্যপত্র উপস্থাপনের জন্য সচিব ,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কে আহ্বান জানান । এ পর্যায়ে সচিব, ডিএনসিসি, সভার আলোচ্যসূচি সকলের অবগতির জন্য উপস্থাপন করেন ।

১.২ সভায় বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন স্থাপনাসমূহে নিয়োজিত আনসার সদস্যদের যথাযথ ব্যবস্থাপনার অধীনে আনয়ন ও উক্ত প্রতিষ্ঠানের সামগ্রিক নিরাপত্তার বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নিয়োজিত আনসার সদস্যদের যথাযথ ব্যবস্থাপনার অধীনে আনয়ন।** |
| আলোচনা | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন কোন স্থাপনায় কতজন আনসার নিয়োজিত রয়েছে এবং নিরাপত্তা শাখার বিদ্যমান জনবল কত সে বিষয়ে সভাপতি মহোদয় কে অবগত করা হয়। ইতিপূর্বে বিচ্ছিন্নভাবে আনসার নিয়োজিত হলেও ভবিষ্যতে একটি নির্দিষ্ট দপ্তর হতে এ প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। |
| সিদ্ধান্ত | : | সর্বসময়ে আনসার নিয়োগ ও স্থাপনা অনুযায়ী সেই জনবল বন্টন প্রক্রিয়া সচিব দপ্তরের মাধ্যমে সম্পন্ন হবে। বেতন-ভাতা প্রদানের সকল কার্যক্রম সেবাগ্রহীতা বিভাগ/দপ্তর হতে পরিচালিত হবে। |
| বাস্তবায়ন | : | ১। সচিব ২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২ | : | **নগর ভবন, আঞ্চলিক কার্যালয় ও এর অধিভুক্ত সকল স্থাপনা সমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে সুষ্ঠু নিরাপত্তা নির্দেশিকা প্রণয়ন।** |
| আলোচনা | : | ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন এর কোন নির্দেশিকা আছে কিনা সে বিষয়ে সভাপতি মহোদয় জানতে চান। নীতিমালা প্রনয়ণের বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়টি জড়িত বিধায় ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে উক্ত কমিটি কর্তৃক একটি খসড়া নিরাপত্তা নির্দেশিকা ১৫(পনের) কর্মদিবসের ভিতরে উপস্থাপনের জন্য সভার সভাপতি, সচিব মহোদয় কে নির্দেশনা প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| সিদ্ধান্ত | : | নিরাপত্তা নির্দেশিকা প্রনয়নে নিম্নবর্ণিত **০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি** গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | সভাপতি: | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| | | সদস্য-১: | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যান্ত্রিক সার্কেল |
| | | সদস্য-২ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ |
| | | সদস্য-৩ | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| | | সদস্য সচিব | নিরাপত্তা কর্মকর্তা |
| বাস্তবায়ন | : | সচিব, ডিএনসিসি | |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৩** | : | **নগর ভবনের নিরাপত্তা শাখায় কেন্দ্রীয়ভাবে সিসিটিভি মনিটরিং এর ব্যবস্থা করা এবং সে মোতাবেক ২৪/৭ দায়িত্ব পালনের জন্য দক্ষ জনবল নিয়োগ দেওয়া।** |
| আলোচনা | : | সভার সভাপতি মহোদয় নগর ভবন,পাম্প হাউজ, যান্ত্রিক বহর,আঞ্চলিক কার্যালয়সহ কোন কোন গুরুত্বপূর্ন স্থাপনায় সিসিটিভি ক্যামেরার ঘাটতি রয়েছে সে বিষয়ে জানতে চান। কেন্দ্রীয়ভাবে মনিটরিং ব্যবস্থাপনার বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত ব্যক্ত করতে বলেন। |
| সিদ্ধান্ত | : | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার ও নিরাপত্তা কর্মকর্তা কে সরেজমিনে প্রয়োজনীয় স্থাপনাসমূহ পরিদর্শনপূর্বক এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা উপস্থাপনের জন্য সভার সভাপতি নির্দেশনা প্রদান করেন। |
| বাস্তবায়ন | : | সচিব, ডিএনসিসি |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগর ভবনসহ সকল বহুতল ভবনের অগ্নি সুরক্ষা ব্যবস্থা সুদৃঢ়করণে সুষ্ঠ পদক্ষেপ গ্রহন।** |
| আলোচনা | : | যে কোন দুর্যোগ মোকাবেলায় গঠিত ওয়্যারহাউজে রক্ষিত যন্ত্রপাতিসমূহ কি অবস্থায় আছে সে বিষয়ে সভার সভাপতি মহোদয় জানতে চান। তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিদ্যমান অগ্নি সুরক্ষা ব্যবস্থার মান উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। |
| সিদ্ধান্ত | : | প্রথমে নগর ভবন এবং পরবর্তীতে আঞ্চলিক কার্যালয় সমূহে ফায়ার ড্রিল সম্পন্ন করতে হবে। নগর ভবনে একটি নির্দিষ্ট ফায়ার এসেম্বলি পয়েন্ট এর ব্যবস্থা করতে হবে। পর্যায়ক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষনের আওতায় আনতে হবে।ওয়্যারহাউজে রক্ষিত যন্ত্রপাতিসমূহ কি অবস্থায় আছে তার কার্যকারীতা পরিক্ষা করে ইনভেন্টরি প্রস্তুত করতে হবে। |
| বাস্তবায়ন | : | ১। প্রধান প্রকৌশলী ২। সচিব |

বিবিধ

২.০ বিবিধ আলোচনায় অংশগ্রহন করে উপস্থিত সকলের সম্মতিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | নগর ভবনের প্রবেশ মুখে অভ্যন্তরে রিসিপশন এর অংশে প্রয়োজনীয় সৌন্দর্য বর্ধনের কাজ সম্পন্ন করতে হবে। | প্রধান নগর পরিকল্পনাবিদ |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক উন্নয়নকৃত পার্ক/খেলার মাঠসমূহে গার্ড পোষ্ট তৈরি করতে হবে। | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল |
| ৩ | আগত দর্শনার্থীদের হ্যান্ডহেল্ড মেটাল ডিটেক্টর এর মাধ্যমে চেক করতে হবে। | নিরাপত্তা কর্মকর্তা |
| ৪ | এক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন করতে হবে। | ১। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>২। নিরাপত্তা কর্মকর্তা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৮/০৪/২০২৪
মীর খায়রুল আলম
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০৩৯.৯৯.১২৩.২৪-৮১

তারিখ: ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ..............................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. অফিস কপি।